International Parkinson and Movement Disorder Society

# অসমক্রিয়া(Ataxia)ঃ রোগীদের জন্য অত্যাবশ্যকীয় তথ্যাবলি

## এটঠ কঢ?

Ataxia শব্দটি এসেছে গ্রীক থেকে এবং এর অর্থ “শৃংখলাহীনতা”। অসমক্রিয়া (Ataxia) বলতে আমরা বিশৃংখল, কদাকার চলাফেরা/নড়াচড়া এবং ভারসাম্যের অভাবকে বুঝে থাকি। চলাফেরায় সমন্বয়ের জন্য স্নায়ুতন্ত্রের অনেকগুলো অংশকে একযোগে কাজ করতে হয় এবং এর মধ্যে কোন একটি অংশ নষ্ট/অকেজো হওয়ার ফলে অসমক্রিয়া হতে পারে। আপনার চিকিৎসক আপনাকে পরীক্ষার করে দেখবেন মস্তিক, মেরুদন্ড বা স্নায়ু কোনটির সমস্যার কারণে অসমক্রিয়া হয়েছে। অসমক্রিয়া এর জন্য মস্তিস্কের যে অংশটি সবচেয়ে বেশী দায়ী সেটা হলো সেরেবেলাম(Cerebellum)।

## অগএড ছঠও উঈগর্গগএূঘ কঢ কঢ?

- দাঁড়ানোর সময় ভারসাম্য রাখতে না পারা
- হাঁটার সময় বিভিন্ন সমস্যা, যার মধ্যে রয়েছে:
  - দুই পা অনেক ফাঁক/আলাদা করে হাঁটা
  - হাঁটার সময় কোন একদিকে হেলে যাওয়া বা পড়ে যাওয়া
  - সরল রৈখিক পথে হাঁটতে না পারা
  - ভারসাম্যহীনতার কারণে বার বার পড়ে যাওয়া
- হাতের সমন্বয়হীন কদাকার নড়াচড়া
- শরীরের বিভিন্ন অংশের কাঁপুনী যা সাধারনত নির্দিষ্ট লক্ষ্যের দিকে গেলে বেড়ে যায়। এটা হাত, পা, মাথা, এমনকি সমস্ত শরীরকে প্রভাবিত করতে পারে।
- কথা বলতে সমস্যা, প্রধানত কথা জড়িয়ে যাওয়া।
- চোখের নড়াচড়ায় অসুবিধা হওয়া যার কারণে একটি বস্তুকে দুটি দেখা, চোখে অস্পষ্ট দেখা, মাাথা, ঘুরা
- বা চক্কর মারা (Dizziness)

## কঠওই গুঙৈঠ ডক ডক?

অসমক্রিয়া একটি স্নায়বিক লক্ষন, কোন অসুখ নয়। অনেক সম্ভাব্য কারণ রয়েছে যার মধ্যে আছেঃ

- টিউমার, স্ট্রোক, মাথায় আঘাত, মস্তিস্কের সংক্রমন ইত্যাদির কারনে মস্তিস্কের ক্ষতি।
- ভিটামিনের অভাব যেমন বি-১, বি-১২ অথবা ভিটামিন-ই এর অভাব।
- কিছু কিছু ঔষুধ যেমন ফেনাইটয়িন, কারবামাজেপিন, বারবিচুরেটস, কয়েক ধরনের অ্যান্টিবায়েটিক, লিথিয়াম, অ্যামিওড্যারোন এবং মদ গ্রহনের ফলে।
- অটোইমিউন (Autoimmune) কারন যেমন ঃ মাল্টিপল স্ক্লেরোসিস (Multiple Sclerosis), টিউমারের কারনে ইমিউন প্রতিক্রিয়া(immune response), মস্তিস্কে রক্তনালীর প্রদাহ, সিলিয়াক ডিজিজ (Celiac Disease)
- বিপাকতন্ত্রের রোগ যেমন-থাইয়েড গ্রন্থির সমস্যা অথবা রক্তে শর্করার পরিমাণ কমে যাওয়া
- স্নায়ু ক্ষয়জনিত রোগ, যেখানে মস্তিস্কের স্নায়ুকোষ মরে যায়। যেমন মাল্টিপল সিসটেম এট্রফি (Multiple System Atrophy), স্পাইনো সেরেবেলার এটাক্সিয়v (Spinocerebellar Ataxia) ইত্যাদি।
- বিভিন্ন বংশগত রোগ।

## এডট ডইর্ণছ কওঠ ঐঠছ ডকঋঠঊৈ?

অসমক্রিয়া নির্ণয় করতে হলে চিকিৎসক আপনাকে রোগ সম্পর্কে বিস্তারিত পারিবারিক ইতিহাসসহ আপনার রোগের ইতিহাস জিজ্ঞেস করবেন। চিকিৎসক আপনার স্নায়ুতন্ত্রের বিস্তারিত পরীক্ষা (ঈষরহরপধষ ঊীধসরহধঃরড়হ) করে দেখবেন এবং যদি প্রয়োজন হয় তাহলে বিভিন্ন ধরনের পরীক্ষা নীরিক্ষা করা লাগতে পারে। যেমন-

- ইমেজিং পরীক্ষাঃ মস্তিকের সিটি স্ক্যান (CT scan), এম আর আই (MRI)অথবা মেরুদন্ডের এমআরআই(Spine MRI)
- রক্ত, প্রস্রাব এবং মেরুদন্ডের পানি (Spinal Fluid)পরীক্ষা
- রক্তচাপ এবং প্রস্রাব সংক্রান্ত পরীক্ষা
- হৃদপিন্ডের পরীক্ষা (Cardiac examiantion)
- নার্ভ কনডাকশন ষ্টাডি এবং ইলেকট্রোমাওগ্রাফী (NCS/EMG)
- জ্ঞানগত (Cognitive) অথবা স্নায়ুমনোজাগতিক (Neuropsychological) মূল্যায়ন
- জেনেটিক/উত্তরাধিকার সুত্রে প্রাপ্ত অসমক্রিয়ার জন্য রক্ত পরীক্ষা।

## ডচডকজগঠ অঠছে কঢ?

অসমক্রিয়া চিকিৎসা কোন কারণে হয়েছে তার উপর নির্ভর করে। যদি আসমক্রিয়া (অঃধীরধ) কোন ঔষধ বা বিষাক্ত পদার্থের ফলে হয়ে থাকে তাহলে সেটার ব্যবহার বন্ধ করলে এর উন্নতি হতে পারে। কিছু ভিটামিন স্বল্পতা, টিউমার অটোইমিউন অথবা বিপাক জনিত রোগের চিকিৎসা সম্ভব হতে পারে। কিছু বংশগত অসমক্রিয়া-র ক্ষেত্রেও ভিটামিন বা ঔষধ দিয়ে চিকিৎসা করা যায়।

যেসব অসমক্রিয়ার নির্দিষ্ট চিকিৎসা নেই , সেক্ষেত্রে

ফিজিক্যাল থেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিচ থেরাপির মাধ্যমে জীবন-যাপনের কার্যক্রম এবং গুণগত উন্নতি করতে সহায়তা করে।

Copyright © 2017 International Parkinson and Movement Disorder Society (MDS). All rights reserved.
International Parkinson and Movement Disorder Society
555 East Well Street, Suite 1100 • Milwaukee, WI 53202 • +1 414-276-2145 • www.movementdisorders.org